গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভাঙ্গা, ফরিদপুর ।
bhanga.faridpur.gov.bd

উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, ভাঙ্গা, ফরিদপুর এর সেপ্টেম্বর ২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী ।

সভাপতি	:	আজিম উদ্দিন, উপজেলা নির্বাহী অফিসার, ভাঙ্গা, ফরিদপুর
সভার তারিখ ও সময়	:	১৫ সেপ্টেম্বর ২০২১; সকাল ১০:০০ টা
সভার স্থান	:	উপজেলা পরিষদ সভাকক্ষ
উপস্থিতি	:	পরিশিষ্ট-ক (স্বাক্ষরের ক্রমানুসারে)

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি কাজ শুরু করা হয়। অতঃপর আইন-শৃঙ্খলা সংক্রান্ত নিম্নোক্ত বিষয়সমূহ বিস্তারিত আলোচনা হয়।

অপরাধ চিত্র পর্যালোচনা:

মাস	খুন	ধর্ষণ	অপহরণ	নারী ও শিশু নির্যাতন	চুরি	সিঁধেল চুরি	প্রতারনা	ডাকাতি	দস্যুতা	মাদক	চোরা চালান	অস্ত্র/বিস্ফোরক	দ্রুত বিচার	জুয়া/পর্ণগ্রাফি	পুলিশ আক্রান্ত	অন্যান্য	সর্বমোট
	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭
আগস্ট ২১	--	--	--	১	১	--	২	--	--	৮	--	--	--	--	--	১৭	২৯
সেপ্টেম্বর ২১	--	--	--	১	১	--	২	--	--	০৯	--	--	--	--	--	১৫	২৮

অফিসার ইন-চার্জ, ভাঙ্গা থানা সভাকে জানান যে, দু'একটি বিচ্ছিন্ন ঘটনা ছাড়া বর্তমানে ভাঙ্গা উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। আইন-শৃঙ্খলা সম্মুন্নত রাখতে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

২. অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহিত হয়:

ক্রমিক	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
২.১	অপরাধ চিত্র পর্যালোচনা: ভাঙ্গা থানা হতে সরবরাহকৃত তথ্য পর্যালোচনায় দেখা যায় আগস্ট ২০২১ মাসে মামলা ২৯ এবং সেপ্টেম্বর ২০২১ মাসে	➢ করোনা ভাইরাস প্রতিরোধে ওয়ার্ড, ইউনিয়ন ও উপজেলা কমিটির কার্যাবলী অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। ➢ ভাঙ্গা পৌরসভা এলাকায় ইজিবাইক/ অটোভ্যান/ মোটর সাইকেল/ করিমন/ নছিমন/ভটভটি ইত্যাদির চলাচল নিয়ন্ত্রণ করতে হবে। ➢ চুরি, ডাকাতি, ছিনতাই, অপহরণ, ধর্ষণ, নারী ও শিশুনির্যাতনসহ সকল প্রকার অপরাধ নিয়ন্ত্রণে রাখতে হবে। ➢ মাদক, চোরাচালান, মানবপাচার, মোবাইল ক্লোনিং,	১. ওসি, ভাঙ্গা থানা ২.ওসি, হাইওয়ে থানা, ভাঙ্গা ৩. সহকারী কমিশনার (ভূমি), ভাঙ্গা, ফরিদপুর

CamScanner

ক্রমিক	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
	মামলা ২৮। গত মাসের তুলনায় বিবেচ্য মাসে মামলা হ্রাস পেয়েছে।	ওয়েলকামসহ সকল প্রকার প্রতারণার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে। ➢ খাস জমিতে সরকারের দখল নিয়ন্ত্রণ ও অবৈধ দখলদারদের বিরুদ্ধে আইনানুগ কার্যক্রম গ্রহণ করতে হবে।	
২.২	বাল্যবিবাহ, ইভটিজিং নারী ও শিশুনির্যাতন প্রতিরোধ	➢ অনলাইন জন্মনিন্ধন যাচাই ব্যতিত বিবাহ নিবন্ধন করা যাবেনা। ➢ বয়স নির্ধারণে টীকার কার্ড দেখা যেতে পারে।	১. মেয়র, ভাঙ্গাপৌরসভা ২.ওসি, ভাঙ্গা থানা ৩.ইউপি চেয়ারম্যান (সকল)
২.৩	মাদক, সন্ত্রাস, জঙ্গিবাদ ও নাশকতা প্রতিরোধ	➢ ওয়ার্ড, ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে মাদক বিরোধী অভিযান অব্যাহত রাখতে হবে ➢ মাদকের বিরুদ্ধে সর্বস্তরের জনগণকে সম্পৃক্ত করে সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। ➢ হাইওয়ে ব্যবহার করে মাদক ও চোরাচালান বন্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১. মেয়র, ভাঙ্গাপৌরসভা ২.ওসি, ভাঙ্গা থানা ৩.ইউপি চেয়ারম্যান (সকল)
২.৪	সড়ক ও মহাসড়কে থ্রি হুইলার, ইজিবাইকসহ অন্যান্য যানবাহন চলাচল নিয়ন্ত্রণ	➢ হাইওয়েতে থ্রি হুইলার, ইজিবাইক চলাচল বন্ধে ওসি, ভাঙ্গা হাইওয়ে থানাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হয়। ➢ হেলমেট বিহীন মোটর সাইকেল চালনা বন্ধে 'পুশিং সেল' এর মাধ্যমে হেলমেট সরবরাহ অব্যাহত রাখতে হবে। ➢ ভাঙ্গা গোলচত্বরে ছিনতাই প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১. মেয়র, ভাঙ্গাপৌরসভা ২.ওসি, ভাঙ্গা থানা ৩.ইউপি চেয়ারম্যান (সকল)
২.৫	গ্রাম আদালতের মামলা গ্রহণ ও নিষ্পত্তি	➢ গ্রাম আদালতের মাধ্যমে জনগণের দোরগোড়ায় ন্যায় বিচার নিশ্চিতসহ আইনের যথাযথ প্রয়োগ নিশ্চিত করতে হবে। ➢ গ্রাম্য সালিশ প্রথার অবসান ঘটিয়ে গ্রাম আদালতের মাধ্যমে বিচারের আওতায় সমস্যা নিষ্পন্ন করতে গ্রাম আদালত শক্তিশালী করতে হবে।	
২.৬	বিবিধ	➢ আবশ্যিকভাবে মাস্ক ব্যবহার নিশ্চিত করাসহ মাইকযোগে প্রচার করতে হবে। ➢ করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে সামাজিক নিরাপদ দূরত্ব বজায় রাখাসহ স্বস্থ্য বিধি মেনে জনসাধারণকে চলাচল করতে উপজেলা প্রশাসন, পুলিশ বিভাগ, রাজনৈতিক নেতৃবৃন্দ, জনপ্রতিনিধিগণকে একই সাথে কাজ করতে হবে। ➢ প্রতি মাসের ১-৫ তারিখের মধ্যে ইউনিয়ন আইন শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ করতে হবে। ➢ ইউজিডিপি এর আওতায় ৫ম রাউন্ডে ক) ই-নথি, ওয়েব পোর্টাল হালনাগাদকরণে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, হাট বাজার ব্যবস্থাপনা কমিটির সদস্যদের অগ্নিনির্বাপন বিষয়ে সচেতনামূলক প্রশিক্ষণ এবং ভূমি আইন ও ভূমি সেবা সংক্রান্ত প্রশিক্ষণ প্রদাণের প্রস্তাব প্রেরন করতে হবে। ➢ আসন্ন সারদীয় দূর্গাপূজায় আইন-শৃঙ্খলাসহ সার্বিক পরিস্থিতি কড়া নজরদারিতে রাখতে হবে। ➢ ভাঙ্গা উপজেলাধীন বেসরকারি হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টারসমূহে ভ্রাম্যমান আদালত পরিচালনা করে অবৈধ প্রতিষ্ঠান বন্ধ করতে হবে।	সংশ্লিষ্ট সকল

CamScanner

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(আজিম উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
ভাঙ্গা, ফরিদপুর

বিতরণ কার্যার্থে:

.....

.....

সদস্য, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, ভাঙ্গা, ফরিদপুর।

স্মারকনং ০৫.১২.২৯১০.০০১.০৪.০১৬.২০-৬৯৮

তারিখ: ১৫/০৯/২০২১

অনুলিপি সদয় অবগতির জন্য

১। মাননীয় সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ-২১৪, ফরিদপুর-৪ ।
২। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, ফরিদপুর।

উপজেলা নির্বাহী অফিসার
ভাঙ্গা, ফরিদপুর

CamScanner